কুষ্টিয়ায় হত্যার দায়ে তিনজনের যাবজ্জীবন

কুষ্টিয়ার মিরপুরে বৃষ্টি খাতুন (২০) নামে এক নারীকে হত্যার দায়ে তিনজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। রায়ে সেই সঙ্গে ২৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদন্ডের আদেশ দেয়া হয়।

বুধবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অতিরিক্ত আদালত-১এর বিচারক তাজুল ইসলাম জনাকীর্ন আদালতে আসামীর উপস্থিতিতে এই রায় ঘোষনা করেন।

সাজাপ্রাপ্তরা হলো- মিরপুর উপজেলার খয়েরপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে শাহাবুদ্দিন আহম্মেদ ওরফে মঞ্জু (৩৫), একই গ্রামের আবু মন্ডল ওরফে বগা মন্ডলের ছেলে হেলাল উদ্দিন (২৬) এবং মৃত হাসেম আলীর ছেলে আশরাফুল আলম (৩৩)। এই মামলায় রায়ে ৯জনকে বেকসুর খালাস দেয় আদালত।

রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) এ্যাডভোকেট অনুপ কুমার নন্দী বাসসকে এ তথ্য নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা যায়, ২০১২ সালের ১জুলাই সকালে বৃষ্টি খাতুন তার নিজ বাড়ি থেকে খালার বাড়িতে যাওয়ার সময় নিখোঁজ হন। আসামীরা বৃষ্টি খাতুনকে পরিকল্পিতভাবে হত্যা করে মিরপুর-দৌলতপুর সড়কে চিথরিয়া গ্রামস্থ পাকা রাস্তার উত্তর পার্শ্বে ফেলে রেখে চলে যায়।

পুলিশ ঘটনাস্থল থেকে নিহত বৃষ্টি খাতুনের লাশ উদ্ধার করে। এ বিষয়ে মিরপুর থানায় নিহতের পিতা আমিন বিশ্বাস বাদী হয়ে ওইদিন বিকেলে তিনজনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলাটি তদন্ত শেষে ২০১৩ সালের ২ ফেব্রুয়ারি মামলার তদন্তকারী কর্মকর্তা মিরপুর থানার পুলিশ পরিদর্শক আকতারুজ্জামান ১২জনের বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করেন। সাক্ষ্য প্রমাণ শেষে আজ আদালত এ রায় ঘোষণা করে।

মিরপুরে সারের দাম বেশি রাখায় ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে সারের দাম বেশি রাখায় এক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে মিরপুর উপজেলার হালসা বাজারে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, এক কৃষকের অভিযোগের ভিত্তিতে হালসা বাজারের মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকানে অভিযান চালানো হয়। ইউরিয়া সার প্রতি বস্তা ১১০০ টাকা দরে কৃষকের নিকট বিক্রি না করে অন্য ব্যবসায়ীর নিকট ১২২০ টাকা দরে বিক্রয়।

এমওপি সার ৭৫০ টাকা বস্তার পরিবর্তে ১৪০০ টাকা দরে বিক্রয় করার অপরাধে মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকান মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এই অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। অভিযানে স্যানেটারী ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

মিরপুরে ঘাস কাটতে গিয়ে

বজ্রপাতে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে বজ্রপাতে আসিফ (১৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার ধুবইল ইউনিয়নের কালিকাপুর মাঠে এ ঘটনা ঘটে।

নিহত আসিফ একই এলাকার মতিয়ার রহমান মধুর ছেলে। সে পেশায় দিনমজুর ছিলেন।

নিহতের পরিবারের বরাত দিয়ে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, যুবক আসিফ তার বাড়ির পাশে কালিকাপুর মাঠে গরুর জন্য ঘাস কাটতে যান।

এসময় বৃষ্টির সঙ্গে প্রচণ্ড শব্দে বজ্রপাত হলে আসিফ ঘটনাস্থলেই মারা যান। পরে মাঠের লোকজন তাকে উদ্ধার করে বাড়িতে নেয়। ওসি আরও জানান, পরিবারের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মিরপুর পৌরসভায় সব নাগরিক সুযোগ সুবিধা বাড়াবো- নবনির্বাচিত মেয়র এনামুল হক

নবনির্বাচিত কুষ্টিয়ার মিরপুর পৌর পরিষদের সদস্যদের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ ফেব্রুয়ারি) দুপুরে মিরপুর পৌরসভা হলরুমে পরিষদের সদস্যদের এই সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

নবনির্বাচিত পৌর মেয়র হাজী এনামুল হকের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মো. আলম মন্ডল, ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নজরুল মল্লিক, ৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ইলিয়াস কাঞ্চন, ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আপান মোল্লা, ৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলর জাহিদ হোসেন, ৬ নম্বর ওয়ার্ড কাউন্সিলর জমির উদ্দিন,

৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর রেজাউল করিম, ৮ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সাইফুর রহমান নাজিম ও ৯ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সাইফুল গণি।

এছাড়াও ১, ২ ও ৩ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত কাউন্সিলর মোছা. শাহনাজ খাতুন, ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত কাউন্সিলর মোছা. হালিমা খাতুন এবং ৭, ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত কাউন্সিলর লাকী বেগম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে নবনির্বাচিত পৌর মেয়র হাজী এনামুল হক বলেন, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজ করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই স্বপ্নকে বাস্তবায়নে মিরপুর পৌরসভায় সব নাগরিক সুযোগ সুবিধা বাড়াবো। পাশাপাশি ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে পৌরবাসীর সেবাপ্রাপ্তি সহজ করতে নানামুখী কার্যক্রম হাতে নিতে চাই।তবে, সবসময় দল ও জনগণের পাশে থাকতে চান বলে জানান এই আওয়ামী লীগ নেতা।

এ সময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পৌরসভার সচিব আনারুল ইসলাম, সুলতান পুর সিদ্দিকিয়া সিনিয়র মাদ্রাসার উপাধ্যক্ষ আবদুল মান্নান ফারুকী, মিরপুর পৌর জামে মসজিদের ইমাম মুফতি ফারুক হুসাইন প্রমুখ। সভায় স্থানীয় বিভিন্ন মসজিদের ইমাম-মুয়াজ্জিনরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার মিরপুরে করোনা ভাইরাস রোগী শনাক্তে ভ্রাম্যমাণ হাসপাতাল

কুষ্টিয়ার মিরপুরে করোনা ভাইরাস শনাক্তে ভ্রাম্যমাণ হাসপাতাল চালু করেছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান কামারুল আরেফিন।

গতকাল বুধবার সকালে এ কার্যক্রম চালু করেন তিনি। সম্প্রতি দেশ জুড়ে করোনা আতঙ্কে মিরপুরের মানুষ ঘর থেকে বের হচ্ছে না। তাই চিকিৎসা নিতে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে যাওয়া তাদের পক্ষে সম্ভব

ও নয়। সাধারণ মানুষকে চিকিৎসা দিতে এবং করোনা ভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত করতে এ হাসপাতাল চালু করা হয়েছে। ভ্রাম্যমাণ হাসপাতালের হটলাইন ও চালু করা হয়েছে।

এর মাধ্যমে উপজেলার যেকোনো প্রান্ত থেকে ফোন করে চিকিৎসা সেবা নিতে পারবেন যে কেউ। হট লাইন নাম্বারে ফোন এলে দায়িত্বে থাকা মেডিক্যাল অফিসার সহ চিকিৎসক দল ভ্রাম্যমাণ হাসপাতাল নিয়ে ছুটে যাচ্ছেন রোগীর বাড়ি।

নিজের ব্যক্তি গত একটি গাড়ি ভ্রাম্যমাণ হাসপাতালের চিকিৎসকদের ব্যবহারের জন্য দিয়েছেন চেয়ারম্যান কামারুল আরেফিন। সেই সাথে ওষুধ, ডাক্তারদের পিপিই, চালক এবং সার্বিক খরচও বহন করছেন তিনি।

স্থানীয় উসমান গনি বলেন, ‘ফেসবুকের মাধ্যমে আমরা ভ্রাম্যমাণ হাসপাতাল চালুর কথা জানতে পারি। করোনা সন্দেহভাজন ব্যক্তির বাড়ি গিয়ে নমুনা সংগ্রহ করছে এ হাসপাতালের চিকিৎসকরা। ফোন দেওয়ার আধাঘণ্টার মধ্যেই হাজির হচ্ছেন তারা।’

মেডিক্যাল অফিসার বল্টু হোসেন বলেন, ‘হটলাইনে ফোন পেয়ে আমরা ওয়াবদা কলোনির একটি বাড়ি যাই। সেখানে ঢাকা থেকে আসা এক ব্যক্তির নমুনা সংগ্রহ করেছি। সেটি ঢাকায় পাঠানো হবে। ওই বাড়ির অন্য সদস্যদের হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।’

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান জানান, এ উপজেলার প্রতিটি মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে এবং করোনা ভাইরাসের নমুনা শনাক্তের জন্য ভ্রাম্যমাণ হাসপাতালটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন বলেন, ‘আমার মিরপুর উপজেলার মানুষ যাতে বাড়িতে বসেই ২৪ ঘণ্টা চিকিৎসা সেবা নিতে পারে- সেজন্য ভ্রাম্যমাণ এ হাসপাতাল চালু করা হয়েছে।’

তিনি আরও বলেন, ‘কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহাবুব উল আলম হানিফের নির্দেশনায়, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সহযোগিতায় এ ভ্রাম্যমাণ হাসপাতাল চালু করা হয়েছে। এর মাধ্যমে সাধারণ মানুষ ঘরে বসেই চিকিৎসা সেবা পাবেন।’

ভ্রাম্যমাণ হাসপাতাল উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, মিরপুর থানা অফিসার ইনচার্জ

(ওসি) আবুল কালাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান, আবাসিক মেডিক্যাল অফিসার ডা. জোবাইয়া ফারজানা, মেডিক্যাল অফিসার ডা. মামুনুর রশীদ প্রমুখ।